

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



PRESS RELEASE

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক মুখ্য উপসহকারী পররাষ্ট্র সচিব ডোনাল্ড ক্যাম্প ঢাকায় আসছেন

ঢাকা, ৩১শে জানুয়ারি -- যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক মুখ্য উপসহকারী পররাষ্ট্র সচিব ডোনাল্ড ক্যাম্প দুই দিনের সফরে আগামী রোববার বাংলাদেশে আসছেন। গত বছর জানুয়ারিতে তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতা গ্রহণের পর ডোনাল্ড ক্যাম্প হলেন যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দফতরের সবচেয়ে উর্ধ্বতন কর্মকর্তা যিনি বাংলাদেশ সফর করছেন। তার সফরের উদ্দেশ্য হল ঘূর্ণিঝড় সিডরের প্রেক্ষিতে বাংলাদেশের জন্য যুক্তরাষ্ট্রের সমর্থন পুনর্ব্যক্ত করা এবং নির্বাচনী রোডম্যাপ বাস্তবায়ন নিয়ে সরকারের সাথে আলোচনা করা। সরকারি কর্মকর্তাদের সাথে বৈঠকের পাশাপাশি ডোনাল্ড ক্যাম্প সুশীল সমাজ, রাজনৈতিক দল ও ব্যবসায়ী সম্প্রদায়ের প্রতিনিধিদের সাথে মত বিনিময় করবেন। ডোনাল্ড ক্যাম্প একজন পেশাদার পররাষ্ট্র কর্মকর্তা। তিনি দক্ষিণ এশিয়া বিষয়ে বিশেষজ্ঞ।

=====

জিআর/ ২০০৮